

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২৮ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৩.১৩.০০০০.০৭১.০২২.০০১.১৭-৮৬—বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিদ্যমান
প্রাতিষ্ঠানিক সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং তা নিরসনে সুপারিশমালা প্রণয়নসহ খাদ্যে ভেজাল রোধ
সংক্রান্ত চলমান কার্যক্রম পরিবীক্ষণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

- | | |
|---|--------------|
| I. মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সভাপতি |
| II. সংশ্লিষ্ট যুগ্মসচিব, খাদ্য মন্ত্রণালয় | - সদস্য |
| III. জেলা প্রশাসক, ঢাকা | - সদস্য |
| IV. সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | - সদস্য |
| V. পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| VI. প্রতিনিধি (পরিচালক পর্যায়ের), বিএসটিআই, ঢাকা | - সদস্য |
| VII. প্রতিনিধি, বিসিএসআইআর, ঢাকা | - সদস্য |
| VIII. প্রতিনিধি, জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| IX. পরিচালক-৮, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য-সচিব |

(৩০৪৭)

মূল্য : টাকা ৮.০০

০২। কমিটির কর্মপরিধি:

- (ক) কমিটি অবিলম্বে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ পরিদর্শন এবং কর্তৃপক্ষের সাথে সভা করে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিত করবে;
- (খ) কমিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরসমূহের সাথে বৈঠক করে প্রযোজ্য ক্ষেত্রে সমস্যাসমূহ সমাধানে সুপারিশ প্রদয়ন এবং পরিবীক্ষণ করবে;
- (গ) আগামী ০২ (দুই) মাসের মধ্যে কমিটি সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব বরাবর পেশ করবে; কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি
পরিচালক।**